



# সাধারণ বীমা কর্পোরেশন

## SADHARAN BIMA CORPORATION

প্রশাসন বিভাগ, প্রধান কার্যালয়, ঢাকা।

১১৬  
২৫.০৬.১৮

সূত্র নং-সাবীক/প্রশাঃ/প্রঃকাঃ/পিভিআর/২০১৮/ ১৩৮৬


তারিখ : ২৫ জুন, ২০১৮

পুলিশ ভেরিফিকেশন রোল (PVR) ফরম জমাদান সংক্রান্ত

## জরুরী বিজ্ঞপ্তি

এতদ্বারা মহামান্য হাইকোর্ট ডিভিশন কর্তৃক প্রদত্ত রায় ও ৫৫৭তম বোর্ড সভার সিদ্ধান্ত অনুসরণে ২০১৬ সালে সংস্থার চাকুরীতে স্থায়ীকৃত কর্মচারীদের অবগতির জন্য জানানো যাচ্ছে যে, নিয়োগকালীন সময়ে তাদের পুলিশ ভেরিফিকেশন সম্পন্ন না হওয়ায় কর্তৃপক্ষের নির্দেশক্রমে ইহা সম্পন্ন করার লক্ষ্যে ইতোমধ্যেই সংস্থার ওয়েবসাইট (www.sbc.gov.bd)-এ পুলিশ ভেরিফিকেশন রোল (PVR) ফরম আপলোড করা হয়েছে। সংশ্লিষ্ট সকলকে সংস্থার ওয়েবসাইট থেকে উক্ত {পুলিশ ভেরিফিকেশন রোল (PVR)} ফরম ডাউনলোড করে যথাযথভাবে প্রথম ভাগ (প্রার্থীর নিজের পূরণের অংশ) পূরণপূর্বক এতদসংক্রান্ত প্রমাণক কাগজপত্রসহ জরুরী ভিত্তিতে আগামী ৩০-০৭-২০১৮ ইং তারিখের মধ্যে নিজ নিজ বিভাগ/জোনাল প্রধান বরাবর জমাদানের নির্দেশ দেয়া হলো। নির্ধারিত সময়ের মধ্যে পূরণকৃত ফরম জমাদানে ব্যর্থ হলে পরবর্তীতে এ সংক্রান্ত যে কোন ধরনের সমস্যার দায়-দায়িত্ব সংশ্লিষ্ট কর্মচারীকে বহন করতে হবে।

উল্লেখ্য, সকল বিভাগীয়/জোনাল প্রধানকে তাঁর বিভাগ/জোন ও এর আওতাধীন সকল শাখা/উপ-শাখার সংশ্লিষ্ট কর্মচারীগণ কর্তৃক পূরণকৃত (প্রার্থী কর্তৃক পূরণীয় অংশ) পুলিশ ভেরিফিকেশন রোল (PVR) ফরম প্রশাসন বিভাগ, প্রধান কার্যালয়, ঢাকা বরাবর প্রেরণের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো।

  
(সৈয়দ দৌলত মোর্শেদ)  
ম্যানেজার (প্রশাসন)

সদয় অবগতি/প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুলিপি (জ্যেষ্ঠতার ভিত্তিতে নয়):-

০১. ব্যবস্থাপনা পরিচালক, সাবীক, প্রধান কার্যালয়, ঢাকা।
০২. জেনারেল ম্যানেজার, দায়গ্রহণ বিভাগ, সাবীক, প্রধান কার্যালয়, ঢাকা।
০৩. জেনারেল ম্যানেজার (চলতি দায়িত্ব), সাবীক, জোনাল অফিস, ঢাকা।
০৪. জেনারেল ম্যানেজার (চলতি দায়িত্ব), অর্থ, দাবী ও আইন বিভাগ এবং ভাড়া আদায়-প্রদান সেল, সাবীক, প্রধান কার্যালয়, ঢাকা।
০৫. ডেপুটি জেনারেল ম্যানেজার, ----- বিভাগ, সাবীক, প্রধান কার্যালয়, ঢাকা।
০৬. ডেপুটি জেনারেল ম্যানেজার, WIBCI প্রকল্প, সাবীক টাওয়ার ভবন, ৩৭/এ, দিলকুশা বা/এ, ঢাকা।
০৭. ডেপুটি জেনারেল ম্যানেজার, সাবীক, জোনাল অফিস, চট্টগ্রাম।
০৮. সহকারী জেনারেল ম্যানেজার/ম্যানেজার, ----- বিভাগ, সাবীক, প্রধান কার্যালয়, ঢাকা।
০৯. সহকারী জেনারেল ম্যানেজার/ম্যানেজার, সাবীক, জোনাল অফিস, -----।
১০. ম্যানেজার ও সিইও, এসবিসি সিকিউরিটিজ এন্ড ইনভেস্টমেন্ট লিঃ, সাবীক, প্রধান কার্যালয়, ঢাকা।
১১. নোটিশ বোর্ড।
১২. সংশ্লিষ্ট নথি।
১৩. মাস্টার নথি।